২৪ জুলাই ২০২৫

**প্রেস বিজ্ঞপ্তি**

# বাংলাদেশ ব্যাংকের নারী কর্মীদের পোশাক নির্ধারণী সংক্রান্ত লিঙ্গ বৈষম্যমূলক নির্দেশনা প্রণয়ন এবং পরে বাতিলের বিষয়ে সুষ্ঠু তদন্তের দাবি জানাচ্ছে ব্লাস্ট

গত ২১ জুলাই ২০২৫ তারিখে বাংলাদেশ ব্যাংকের মানবসম্পদ বিভাগ-২ কর্তৃক জারিকৃত পোশাক সংক্রান্ত নির্দেশনা বিশেষত নারী কর্মীদের পোশাক নির্ধারণী সংক্রান্ত লিঙ্গ বৈষম্যমূলক বিতর্কিত নির্দেশনাটি প্রত্যাহার করা হলেও এ বিষয়ে সুষ্ঠু তদন্তের দাবি জানাচ্ছে ব্লাস্ট। একইসাথে, বাংলাদেশ ব্যাংকের কর্মীদের সাথে পরামর্শক্রমে লিঙ্গ-নিরপেক্ষ, সাংবিধানিক অধিকার ও মর্যাদা সম্মত নির্দেশিকা প্রণয়ন এবং ব্যাংকের সকল কর্মীদের জন্য লিঙ্গ সংবেদনশীলতা ও লিঙ্গ বৈষম্য নিরসন বিষয়ক প্রশিক্ষণ নিশ্চিত করার জোরালো আবেদন জানাচ্ছে ব্লাস্ট।

উল্লেখ্য যে, বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত সংবাদ হতে জানা যায় যে, বাংলাদেশ ব্যাংকের মানবসম্পদ বিভাগ ২ এর (বেনিফিটস অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন উইং) একটি বিভাগীয় মাসিক সভার এজেন্ডা ও কার্যবিবরণীতে নিয়মিত অন্তর্ভুক্ত করার জন্য গৃহীত সিদ্ধান্তের ১১ (ঘ) নম্বরে বলা হয়, নারী কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে শর্ট স্লিভ ও লেংথের ড্রেস অর্থাৎ ছোট হাতা ও ছোট দৈর্ঘ্যর পোশাক ও লেগিংস পরিহার করে ফরমাল স্যান্ডেল বা জুতা, সাদামাটা হেডস্কার্ফ বা হিজাব পরতে বলা হয়েছে। এছাড়াও বাংলাদেশ ব্যাংকের সব স্তরের কর্মকর্তা–কর্মচারীদের (সি ও ডি শ্রেণিভুক্ত কর্মচারীদের নির্ধারিত পোশাক ব্যতীত) সামাজিক প্রেক্ষাপট বিবেচনায় পেশাদার ও মার্জিত পোশাক পরিধান এবং পুরুষ কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে ফরমাল শার্ট, লম্বা হাতা বা হাফ হাতা, ফরমাল প্যান্ট, ফরমাল জুতা পরিধান এবং জিনস ও গ্যাবার্ডিন প্যান্ট পরিহার করতে বলা হয়েছে। নির্দেশনা না মানলে কর্মকর্তা–কর্মচারীদের বিরুদ্ধে শৃঙ্খলাভঙ্গের অভিযোগ আনার বিষয়টিও নির্দেশনায় উল্লেখ রয়েছে। যদিও পরবর্তীতে তা প্রত্যাহার করা হয়।

পোশাকবিধি সংক্রান্ত এ ধরনের নির্দেশনা কর্মস্থলে সমতা বা পেশাদারিত্ব নিশ্চিত না করে বরং নারীদের উপর অযথা নিয়ন্ত্রণ, পর্যবেক্ষণ এবং বৈষম্যের পরিবেশ তৈরি করতে পারে। কর্মস্থলে পরিধেয় পোশাক বিষয়ক নিছক অপ্রয়োজনীয় কিন্তু স্পষ্টত বৈষম্যমূলক এ ধরনের নির্দেশনা নারী কর্মীদের ব্যক্তিগত স্বাধীনতা, মর্যাদা ও পছন্দের অধিকারকে অযথা সীমাবদ্ধ করে এবং বাংলাদেশ সংবিধানের ২৮(ধর্ম, প্রভৃতি কারণে বৈষম্য) ও ৩২ (জীবন ও ব্যক্তি-স্বাধীনতার অধিকার-রক্ষণ) অনুচ্ছেদ সমূহে বর্ণিত সমতা এবং জীবন ও ব্যক্তিস্বাধীনতার অধিকারের পরিপন্থী। এছাড়া বাংলাদেশ ব্যাংক স্টাফ রেগুলেশন, ২০০৩ এ আচরণবিধি নির্ধারিত থাকলেও সেখানে কর্মীদের পোশাকের উপর কোনও বিধিনিষেধ আরোপ করা হয়নি। এ নির্দেশনা বাংলাদেশের আন্তর্জাতিক অঙ্গীকার, বিশেষত নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপ সনদ (CEDAW) এর সাথেও সাংঘর্ষিক।

এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের কর্মীদের বিশেষত নারী কর্মীদের পোশাক নির্ধারণী সংক্রান্ত লিঙ্গ বৈষম্যমূলক বিতর্কিত এ নির্দেশনা প্রণয়নের ঘটনার সুষ্ঠু তদন্ত ভবিষ্যতে এ ধরণের নির্দেশনা যেন জারী করা না হয় সে ব্যাপারে যথাযথ পদক্ষেপ নিশ্চিত করার জোরালো আবেদন জানাচ্ছে ব্লাস্ট।

প্রয়োজনে যোগাযোগ করুন:
কমিউনিকেশন বিভাগ, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)
ই-মেইল: communication@blast.org.bd